যুগান্তর

তারিখ 17 NOV 2015
পৃষ্ঠা 20 কলাম ৮

### রেজিস্টার্ড প্রাইমারি স্কুল

# আরও ১২৫ জনকে নিয়োগ কেন নয় : হাইকোর্ট

**যুগান্তর রিপোর্ট**

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্যানেলের আরও ১২৫ জনকে নিয়োগের নির্দেশ কেন দেয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। দুটি রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত বেঞ্চ সোমবার এ রুল জারি করেন। সরকারের সংশ্লিষ্টদের ১০ দিনের মধ্যে এ রুলের জবাব দিতে বলা হয়েছে।

রিটকারিদের পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্যাহ মিয়া এবং রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অমিত তালুকদার। লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে নিয়োগের জন্য ২০১২ সালের ৯ এপ্রিল মেধা তালিকা প্রকাশ করা হয়। মোট উত্তীর্ণ হন ৪২ হাজার ৬১১ জন। উত্তীর্ণদের পাঁচ বছরের মধ্যে নিয়োগ দেয়ার কথা। এরই মধ্যে প্রায় ১০ হাজার নিয়োগও হয়েছে। এরপর সরকার সব রেজিস্টার্ড স্কুলকে সরকারিকরণের ঘোষণা দেয়। ফলে নিয়োগ দেয়া বন্ধ হয়ে যায়। এ নিয়োগের জন্য নির্দেশনা চেয়ে প্যানেলভুক্ত জামালপুরের সদর উপজেলার আবদুর রহমান, ত্রিশালের আলমগীর হোসেন, আলমডাঙ্গার আলমগীর হোসেন, লাবনী, খাদিজাতুল কোবরা, মাগুরা জেলার সদর উপজেলার নীলিমা বিশ্বাসসহ বিভিন্ন উপজেলার ১২৫ জন হাইকোর্টে একটি রিট করেন।